

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৭.১৪০

তারিখ : ১৩.০৬.২০১৯ খ্রি:

বিষয় : ঝিনাইদহ জেলার মধুপুর মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব মো: বদিউজ্জামান এর এম.পি.ও.
বন্ধকরণ।

সূত্র : (১) দুর্নীতি দমন কমিশন, ঢাকা এর স্মারক নং ০৪.০১.০০০০.৫০৩.২৬.১৬৮.১৮.১৪৮৩৫ তারিখ: ১৬.০৪.২০১৯খ্রি:।
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি মাধ্যমিক শাখার স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.২০১৫-৪০২ তারিখ : ০২ মে ২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জনাব মো: বদিউজ্জামান, প্রধান শিক্ষক, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের সভাপতি জনাব মো: শহিদুল ইসলাম হিরণ এর বিরুদ্ধে যশোর শিক্ষা বোর্ডের জাল অনুমতি পত্র তৈরী/সংগ্রহপূর্বক উক্ত প্রতিষ্ঠানে ০৭ জন শিক্ষক নিয়োগ দিয়ে তাদের বেতন ভাতা বাবদ প্রায় ৭০ লক্ষ টাকা আত্মসাতের অভিযোগের বিষয়ে উপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ এর মাধ্যমে তদন্ত করা হয়। তদন্তে অভিযোগকারি জনাব মো: বদিউজ্জামান, প্রধান শিক্ষক এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির সাথে জড়িতের সত্যতা পাওয়া যায়।

২.০ দুর্নীতি দমন কমিশন, ঢাকা এর ১৬.০৪.২০১৯ তারিখের ০৪.০১.০০০০.৫০৩.২৬.১৬৮.১৮.১৪৮৩৫ নং স্মারকে জনাব মো: শহিদুল ইসলাম হিরণ, সভাপতি, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ এবং অন্যান্যদের বিরুদ্ধে গৃহীত বিভাগীয় কার্যক্রম গ্রহণ করে কমিশনকে অবহিত করার জন্য এ বিভাগে পত্র প্রদান করা হয়।

৩.০ এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা -২০১৮ অনুযায়ী প্রধান শিক্ষক মো: বদিউজ্জামান, এর বেতন ভাতার সরকারি অংশ বন্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


১৬/৬/২০১৯
(মো: কামরুল হাসান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মহাপরিচালক (বিশেষ তদন্ত), দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ।
০২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭. সভাপতি, ম্যানেজিং কমিটি, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ।
০৮. প্রধান শিক্ষক, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ।
০৯. অফিস কপি।